



বর্ষ-০৪, নভেম্বর সংখ্যা ২০১৭




বাংলাদেশে কৃষিখাতের উন্নয়নে যাঁরা নিরলস কাজ করে চলেছেন, আমরা সর্বদাই তাঁদের পাশে আছি। আমরা নিউজ লেটারের মাধ্যমে আমাদের কর্মকান্ড তুলে ধরার চেষ্টা করি এবং বিশ্বাস করি আমাদের এই প্রকাশনা আপনাদের কৃষি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সহায়ক হিসেবে কাজ করবে। এই সংখ্যায় থাকছে টুইন স্ক্রু নাকি সিঙ্গেল স্ক্রু, দেশী মুরগীর সঠিক বিকল্প, নারিশে আসছে আরো দুটি ফিডমিল, নাহার এগ্রোর নতুন লেয়ার ফিডমিল এবং চিক্স এ্যান্ড ফিডস্-এর ইঞ্জিনিয়ার টিমের তিনজন তরুন ইঞ্জিনিয়ারের যোগদান সংক্রান্ত সংবাদ।

শুধুমাত্র যন্ত্রপাতী সরবরাহই নয়, আপনার সাহসী যাত্রার স্বার্থক বাস্তবায়ন করাই আমাদের লক্ষ। আমাদের কাস্টমার কেয়ার এবং ইঞ্জিনিয়ারিং টিম সার্বক্ষণিক আপনাকে সহযোগীতা করতে প্রস্তুত।

ধন্যবাদসহ
নিউজ লেটার টিম

ISHII
জাপানের অত্যাধুনিক ইনকিউবেটর

## আমাদের সেবাসমূহঃ

প্রকল্প পরিকল্পনা
প্রকল্প তৈরী
প্রকল্প বাস্তবায়ন
প্রকল্প ব্যবস্থাপনা
বাজার গবেষণা

## আমাদের প্রকল্পসমূহঃ

ফিডমিল
সাইলো
পোল্ট্রি হাইজ ও ইকুইপমেন্ট
পোল্ট্রি প্রসেসিং
মিট প্রসেসিং
ও অন্যান্য কৃষি প্রকল্প

E-mail: info@cknfeeds.com
Website: www.cknfeeds.com
অফিসঃ বাসা-০৮, সড়ক-১৪, ধানমন্ডি, ঢাকা-১২০৯
Phone: +880 2 9121205-06; 9121456

কাস্টমার কেয়ার :
017 CKNFEEDS 25633337

# নারিশে আসছে FCM-এর আরো দুইটি নতুন ফিডমিল

NOURISH
poultry & hatchery

নারিশ বাংলাদেশের পোল্ট্রি শিল্পে একটি বিশ্বস্থ নাম যা মানুষের আস্থা হিসাবে বিবেচিত। নারিশের ফিড মানেই ভালো মানের ফিড এবং খামারীর লাভ। বর্তমানে বাংলাদেশের মোট ফিড উৎপাদনের ১৫%-১৮% ফিড নারিশের বিভিন্ন ফিডমিলে উৎপাদিত হচ্ছে। চিকস্ এ্যান্ড ফিডস্ এবং নারিশের সম্পর্ক গত এক যুগেরও উপরে। পূর্ববর্তী ৪টি লাইনের ফিডমিলের পর সম্প্রতি নারিশের দুটি ফিডমিল স্থাপনের কাজ নিয়েছে চিকস্ এ্যান্ড ফিডস্। FCM-এর কারিগরি সহযোগিতায় নির্মিত হবে নারিশ পোল্ট্রি এ্যান্ড হ্যাচারী লিমিটেডের এই দুটি ফিডমিল গাজীপুরের শ্রীপুরে এবং ময়মনসিংহের ত্রিশালে।

এখানে উল্লেখ্য যে নতুন এই ফিডমিল দুটি স্থাপন করা হবে অত্যাধুনিক প্রযুক্তির সমন্বয়ে যা সর্বোচ্চমানের ফিড উৎপাদনে সক্ষম। আগামী জানুয়ারি' ২০১৮ সালের মধ্যে এই দুটি নতুন ফিডমিলের শিপমেন্ট হবে। ফিডমিল দুটি আনুমানিক ২০১৮ সালের জুন-জুলাই নাগাদ উৎপাদনে যাবে।

# উৎপাদনে গেল নাহার এগ্রো গ্রুপের নতুন লেয়ার ফিডমিল



নাহার এগ্রো গ্রুপ বাংলাদেশের অন্যতম বৃহৎ এবং দ্রুত সম্প্রসারণশীল একটি শিল্প প্রতিষ্ঠান। সঠিক মানের মুরগীর বাচ্চা এবং খাদ্য উৎপাদনে এই গ্রুপ গুরুত্ব দিয়ে থাকে। ইতোমধ্যে নাহার ফিড বাজারে যথেষ্ট সাড়া ফেলেছে। এ্যান্টিবায়োটিক এবং প্রাণীজ প্রোটিনমুক্ত খাদ্য তৈরি করে এই গ্রুপ যথেষ্ট সুনাম কুড়িয়েছে। গ্রুপের অন্তর্গত দেশের অন্যতম বৃহৎ একটি ফিডমিল চলতি বছরের শুরুতে উৎপাদনে আসার পর দ্বিতীয় দফায় উৎপাদনে গেল প্রতিষ্ঠানটির একটি লেয়ার ফিডমিল। উল্লেখ্য নাহার এগ্রো গ্রুপ প্রতিটি ক্যাটাগরির ফিড আলাদা আলাদা মেশিনে উৎপাদন করে থাকে যা বিভিন্ন কাঁচামালের cross contamination মুক্ত।

নাহার এগ্রো গ্রুপের ঘন্টায় ৩০-৪০ টণ ব্রয়লার ফিডমিলের একই প্রাঙ্গনে নতুন এই লেয়ার ফিডমিলটি স্থাপন করা হয়েছে। এই লেয়ার ফিডমিল থেকে নাহার এগ্রো গ্রুপ তাদের লেয়ার DOC'র সাথে উন্নতমানের খাদ্য সরবরাহ করবে।



# জয়পুরহাটে অনুষ্ঠিত হলো চিকস্ এ্যান্ড ফিডস্ আয়োজিত সেমিনার "SASSO - দেশী মুরগীর সঠিক বিকল্প"




গত ১৭ অক্টোবর ২০১৭ জয়পুরহাটে অনুষ্ঠিত হলো চিকস্ এ্যান্ড ফিডস্ আয়োজিত সেমিনার SASSO - দেশী মুরগীর সঠিক বিকল্প। SASSO মুরগী সারা পৃথিবীতে বিক্রি হয় দেশী মুরগীর সঠিক বিকল্প হিসাবে। কমার্শিয়াল ব্রয়লার যদিও বর্তমান বিশ্বে সাধারন মানুষের প্রোটিন চাহিদার একটি বড় অংশ পূরণ করছে। এরপরও মাংসের স্বাদ, গঠন এবং পুষ্টি চিন্তা করে SASSO ১৯৬০ সাল থেকে বিশ্বে রঙিন মুরগী সরবরাহ করে চলেছে। বর্তমানে ফ্রান্স ছাড়াও ব্রাজিল, বেলজিয়াম, পূর্ব ইউরোপ, চীন এবং ভারতে SASSO-এর GP ফার্ম রয়েছে যেখান থেকে PS সরবরাহ করা হয় বিশ্বব্যাপী।

নিরাপদ খাদ্যের ব্যাপারে ইউরোপ এবং আমেরিকা অত্যন্ত স্পর্শকাতর। বিশেষ করে মানুষের খাদ্যের ব্যাপারে ইউরোপীয়ান বা আমেরিকানরা কোনরকম ছাড় দেন না। কমার্শিয়াল ব্রয়লারের অতিরিক্ত দৌহিক ওজন বৃদ্ধি এবং মাংসের গঠনের উপর তারা সবচেয়ে বেশী গুরুত্বআরোপ করে থাকেন। অতিদ্রুত বর্ধমান কমার্শিয়াল ব্রয়লারের রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকায় এদের খাদ্যে এ্যান্টিবায়োটিকসহ বিভিন্ন ওষুধ-পথ্য ব্যাবহার করা প্রয়োজন হয়, যা মানুষের স্বাস্থ্যের জন্য উপযোগী নয়। SASSO-এমন একটি প্রজাতি যা কমার্শিয়াল ব্রয়লারের মতো দ্রুত বর্ধমান নয় এবং রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন। এটির গড় ওজন বৃদ্ধি ২৫-৩০ গ্রাম প্রতিদিন যা মানুষের খাদ্য হিসাবে আদর্শ ।



SASSO হতে পারে দেশী মুরগীর সঠিক বিকল্প এবং আমাদের দেশের প্রোটিন চাহিদা পূরণে যোগ করতে পারে নতুন একমাত্রা। SASSO জাতের মুরগী ৭৫-৮০ দিনে সাড়ে ৩ কেজি (Low Nutriant) ফিড খেয়ে ১৯০০-২০০০ গ্রাম ওজনের হতে পারে। অর্থাৎ FCR ১.৭৫- ১.৮০।

জয়পুরহাট সোনালী জাতের মুরগীর সুতিকাগার হিসাবে বিবেচিত। সোনালী জাতের মুরগীর ৭০-৭৫ দিনে ৭৫০-৮০০ গ্রাম ওজনের হয়ে থাকে। এর মাংস শক্ত বিধায় আমাদের দেশের বিভিন্ন অনুষ্ঠানে কমার্শিয়াল ব্রয়লারের পরিবর্তে সোনালী জাতের মুরগী ব্যবহার করা হয়। তবে বলাই বাহুল্য সোনালী জাতের এই মুরগীতে মাংসের পরিমান খুবই কম যা আমাদের চোখের চাহিদা মেটালেও দৌহিক প্রোটিনের চাহিদা মেটাতে পারেনা। ৮০০ গ্রাম ওজনের একটা সোনালী জাতের মুরগীতে সর্বোচ্চ ৩৫০-৪০০ গ্রাম মাংস পাওয়া যেত পারে।অর্থাৎ নিট মাংস পাওয়ার পরিমান ৪৩.৭৫%- ৫০% পর্যন্ত। অন্যদিকে SASSO জাতের একটি মুরগীর ১৮০০ গ্রাম ওজন হলে মাংসের পরিমান হবে ১২৬০ গ্রাম-১৩০০ গ্রাম অর্থাৎ ৭০%-৭২% পর্যন্ত।

# টুইন স্ক্রু নাকি সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডার বনাম আপনার সিদ্ধান্ত

সাম্প্রতিক কালে বাংলাদেশের ফিড ইন্ডাস্ট্রিতে ভাসমান মাছের খাবারের চাহিদা বেড়েই চলেছে। প্রায় প্রতিদিনই আমরা আলোচনা করছি বিভিন্ন কোম্পানী বা নতুন উদ্যোক্তাদের সাথে। টুইন স্ক্রু এবং সিঙ্গেল স্ক্রুর মধ্যে কোনটা ভালো বা কোনটা ভালো নয় এই নিয়ে অনেকের মধ্যেই সঠিক কোন ধারনা নেই। বুঝে বা না বুঝে অনেকেই সিদ্ধান্ত নিচ্ছেন সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডার অথবা টুইন স্ক্রু এক্সট্রুডারের। আমাদের এই আলোচনার উদ্দেশ্য সিঙ্গেল স্ক্রু বা টুইন স্ক্রু কেন এবং কোন জাতীয় খাদ্যের জন্য প্রয়োজন তা সবার কাছে পরিষ্কার করে তুলে ধরা ।

অনেকে মনে করেন একই মেশিনে খুব ছোট থেকে খুব বড় মাপের ভাসমান মাছের খাবার তৈরির জন্য টুইন স্ক্রু এক্সট্রুডার প্রয়োজন। এটি ঠিক যে টুইন স্ক্রু এক্সট্রুডার থেকে খুব ছোট থেকে খুব বড় মাপের খাবার তৈরি করা সম্ভব। তবে বড় মাপের ফিড তৈরি করার ক্ষেত্রে টুইন স্ক্রু এক্সট্রুডার ব্যবহার করা মোটেও লাভজনক হবেনা। এই এক্সট্রুডার দিয়ে শুধুমাত্র ছোট মাপের ভাসমান মাছের খাবার যেমন Ø০.৬ মি.মি, Ø০.৮ মি.মি, Ø১.০ মি.মি বা সর্বোচ্চ Ø১.৫ মি.মি খাদ্য উৎপাদন লাভজনক কারন এই সমস্ত খাদ্যের বাজার মুল্য অনেক বেশি। টুইন স্ক্রু এক্সট্রুডার দিয়ে বড় মাপের খাদ্য উৎপাদন করলে অচিরেই আপনাদের চোখে পড়বে যে উৎপাদন ব্যয় অনেক বেশি যা বাজার মূল্যকে ছাড়িয়ে যাবে।

এই উৎপাদন মূল্য বৃদ্ধির মূল কারণ হলো কনজিউমেবল এবং খুচরা যন্ত্রাংশ, বাষ্প এবং বিদ্যুৎ খরচ। এক্সট্রুডারের সবচেয়ে গুরুত্বপূর্ন অংশ হলো স্ক্রু এবং ব্যারেল। এই স্ক্রু এবং ব্যারেলের একটি নির্দিষ্ট সময়সীমা থাকে যা এই সময়সীমার পরেই পরিবর্তন করতে হয়। সিঙ্গেল স্ক্রুর তুলনায় টুইন স্ক্রু এক্সট্রুডারের এর পরিমান দ্বিগুন। তাই টুইন স্ক্রু এক্সট্রুডারে বড় মাপের ভাসমান মাছের খাদ্য তৈরি করলে কখনোই লাভবান হওয়া যাবেনা।


টুইন স্ক্রু বা সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডার কেনার আগে নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কে আপনার স্বচ্ছ ধারনা থাকা দরকার ঃ

১. কোন কোন মাপের খাদ্য তৈরি করা হবে
২. বিভিন্ন মাপের খাদ্যভেদে বাজারে খাদ্যের চাহিদা
৩. বিভিন্ন মাপের খাদ্যভেদে বাজারে খাদ্যের মূল্য
৪. সিঙ্গেল স্ক্রু এবং টুইন স্ক্রু এক্সট্রুডারের মেইন্টেন্যান্স এবং খুচরা যন্ত্রাংশের মূল্য
৫. স্ক্রু বা ব্যারেলের স্থায়ীত্ব সময়সীমা, ইত্যাদি


প্রজেক্ট ম্যানেজমেন্ট কোম্পানী হিসাবে আমরা আমাদের সেবা গ্রহনকারীদের সঠিক পরামর্শ দেয়ার চেষ্টা করি। একটি প্রজেক্টের ১০ বছর রক্ষনাবেক্ষণ, রিপেয়ারিং বা কনজিউমেবল হিসাব করলে দেখা যাবে সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডার দিয়ে বড় মাপের খাদ্য তৈরি অনেক বেশি লাভজনক। শুধুমাত্র ছোট মাপের খাদ্য তেরিতে টুইন স্ক্রু এক্সট্রুডার ব্যবহার করা উচিৎ। টুইন স্ক্রু দিয়ে ছোট বড় সব মাপের খাদ্য বানাতে গেলে যতবেশি উৎপাদন ততবেশি ক্ষতির সম্মুখীন হতে পারে। অন্যদিকে সিঙ্গল স্ক্রু এক্সট্রুডার দিয়ে বড় মাপের খাদ্য উৎপাদন এবং টুইন স্ক্রু এক্সট্রুডার দিয়ে ছোটমাপের খাদ্য উৎপাদন হবে সবচেয়ে বেশি লাভজনক।

টুইন স্ক্রু এক্সট্রুডার ঃ Ø০.৬ মি.মি, Ø০.৮ মি.মি, Ø১.০ মি.মি এবং Ø১.৫ মি.মি.
সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডার ঃ Ø২.০ মি.মি, Ø২.৫ মি.মি, Ø৩.০ মি.মি, Ø৪.০মি.মি, Ø৫.০ মি.মি এবং উপরে।

এখানে উল্লেখ্য যে আপনার যদি ভালোমানের সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডার থাকে তাহলে সেটা দিয়েও Ø১.৫ মি.মি বা Ø ১.০ মি.মি মাপের খাদ্য তৈরি করতে পারবেন। তবে উৎপাদন হার অপেক্ষাকৃত কমে যাবে।



**VS**



পরামর্শ ঃ

১. Ø১.০ মি.মি-এর নিচে আপনার খাদ্যের চাহিদা না থাকলে সিঙ্গেল স্ক্রু ব্যবহার করা লাভজনক।
২. যদি খুব ছোট মাপের খাদ্য যেমন Ø০.৬ মি.মি, Ø০.৮ মি.মি তৈরি করতে হয় সেক্ষেত্রে টুইন স্ক্রু এক্সট্রুডার লাভজনক।
৩. একই মেশিনে খুব ছোট থেকে বড় মাপের খাদ্য তৈরি না করা উত্তম কারণ ভবিষ্যতে অতিরিক্ত মেইন্টেন্যান্স এবং স্পেয়ার পার্টস মুল্যের কারণে ক্রমশঃ অলাভজনক হয়ে পড়বে।




# চিকস্ এ্যান্ড ফিডস্ -এর ইঞ্জিনিয়ারিং টিমে যোগ দিলেন তিনজন তরুন ইঞ্জিনিয়ার

"Our scope of service from your initial planing to operation managment" চিকস্ এ্যান্ড ফিডস্ গত ১৭ বছর ধরে প্রথম পরামর্শক থেকে উৎপাদন পর্যন্ত গ্রাহকদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে সেবা দিয়ে আসছে। ক্রমশই বড় হচ্ছে চিকস্ এ্যান্ড ফিডস্ -এর ইঞ্জিনিয়ারিং টিম। সম্প্রতি এই টিমে যোগ দিলেন তিনজন তরুন ইঞ্জিনিয়ার। আমাদের বিশ্বাস ভবিষ্যতে আমরা আপনাদের আরো উন্নত গ্রাহকসেবা নিশ্চিত করতে পারবো।


সৌরভ কুমার দাস


শাহিন হোসেন


মো: নাহিদ আহমেদ

# অ্যাস্টিনোর ঘরে নারিশের নতুন প্যারেন্ট স্টক

দেশে ক্রমবর্ধমান একদিন বয়সী মুরগীর বাচ্চার চাহিদার কারণে পোল্ট্রি খাতের নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান নারিশ পোল্ট্রি স্থাপন করছে একটির পরে একটি ব্রিডার ফার্ম। চিকস্ এ্যান্ড ফিডস্ গত মাসে হস্তান্তর করলো নারিশের সদ্য সমাপ্ত ফার্ম সাগরদীঘি-২। এ খামারে তিনটি দ্বিতল ভবনে মোট ছয়টি পোল্ট্রি ব্রিডার শেড স্থাপিত হয়েছে। এই ছয়টি শেডের জন্য মালয়েশিয়ার বিখ্যাত ASTINO এর উৎপাদিত যন্ত্রপাতি সরবরাহ করছে চিকস্ এন্ড ফিডস্ লিমিটেড।

পরিবেশ বিপর্যয়ের ফলে ঝড়, বৃষ্টিসহ নানা কারণে খামারিরা পড়ছেন বিপাকে। খামারের সার্বিক নিরাপত্তা ও খামারে নির্দিষ্ট তাপমাত্রা ধরে রাখাই বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। তাছাড়া আমাদের দেশে আগের মত ষড়ঋতু না থাকায় এসব সমস্যা প্রকট হয়ে দেখা দিচ্ছে। তাই এই খামারে বাংলাদেশে প্রথমবারের মত কন্ট্রোলার অংশে অত্যাধুনিক CTI 80 কন্ট্রোলার ব্যবহার করা হচ্ছে। যার হিউমিডিটি সেন্সর স্বয়ংক্রিয়ভাবে আর্দ্রতা নিয়ন্ত্রণ করে খামারের অভ্যন্তরীণ পরিবেশ ভাল রাখে। শেডের আর্দ্রতা বেড়ে গেলে স্বয়ংক্রিয়ভাবে কুলিং পাম্প বন্ধ হয়ে যাবে। ফলে আর্দ্রতা ও তাপমাত্রা নিয়ন্ত্রণে থাকবে।







# শেষ পর্যায়ে RRP ব্রিডার ফার্মের কাজ



গাইবান্ধার গোবিন্দগঞ্জে RRP ব্রিডার ফার্মে ASTINO-এর অত্যাধুনিক প্রিফেব্রিকেটেড পরিবেশবান্ধব শেডের ইনস্টলেশন কাজ শেষ পর্যায়ে। RRP ব্রিডার ফার্মের এই নতুন শেড এবং ইকুইপমেন্টসমূহ এই এলাকায় আধুনিক পোল্ট্রি শেড সম্পর্কে মানুষের ধারনা বদলে দেবে। এখানে উল্লেখ্য যে RRP বাংলাদেশের পোল্ট্রি শিল্পে দ্রুত বর্ধনশীল একটি প্রতিষ্ঠান যারা সুস্থ্য বাচ্চা এবং মানসম্পন্ন খাদ্য দিয়ে বাংলাদেশের ক্রমবর্ধমান পুষ্টির চাহিদা পূরণে নিরলসভাবে কাজ করে চলেছে। RRP এগ্রো ফার্মের চেয়ারম্যান জনাব মনিরুল আলম আশা প্রকাশ করেন ভবিষ্যতে RRP ব্রিডার ফার্ম দেশের প্রান্তিক খামারীদের মাঝে সুস্থ বাচ্চা এবং সেই বাচ্চার জন্য বিশেষভাবে তৈরি করা ফিড দিয়ে তাঁদের সাফল্য নিশ্চিত করার জন্য অঙ্গীকারবদ্ধ। তিনি আরো বলেন RRP এগ্রোর পরিচালক (যিনি ব্যবস্থাপনা পরিচালকের পুত্র) জনাব রফিকুল আলমের কাছে একটিই শব্দ কাজ করে আর সেটি হচ্ছে কোয়ালিটি, কোয়ালিটি এবং কোয়ালিটি। আমাদের মানসম্মত বাচ্চা এবং খাদ্য তৈরিতে তাঁর ভূমিকা অসাধারন। বৈশ্বিক উষ্ণায়নের কারণে প্রতিনিয়তই আমাদের দেশের আবহাওয়া উত্তপ্ত হচ্ছে। গত এক দশকে স্থানভেদে তাপমাত্রা ৭-৮ ডিগ্রী সেলসিয়াস পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। পোল্ট্রি ফার্মে তাপমাত্রা নিয়ন্ত্রণ একটি গুরুত্বপূর্ণ বিষয়, যা সুচারু খামার ব্যবস্থাপনায় একটি বড় অন্তরায় বটে। PU Panel সমৃদ্ধ ASTINO এর শেডগুলো কোনরকম ভেন্টিলেশন ছাড়াই ৭-৮ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা নিবারণ করে যা খামার ব্যবস্থাপনায় বড় ভূমিকা রাখে।

ASTINO এর কাস্টমার সার্ভিস ইঞ্জিনিয়ার জনাব আনোয়ার পারভেজ জানান, বাংলাদেশের পোল্ট্রি শিল্পের বিশাল যোগান দেয়ার জন্য অ্যাসটিনো অঙ্গীকারাবদ্ধ। যার অংশ হিসেবে অ্যাসটিনো এবং চিকস্ এন্ড ফিডস্-এর যৌথভাবে কাজ করে চলছে। ভবিষ্যতে RRP এগ্রো দেশের প্রাণিজ আমিষের চাহিদা পূরণে আরো ভূমিকা রাখবে।




বর্ষ-০৪, নভেম্বর সংখ্যা ২০১৭

## Our Global Partners:

**FCM, China**
Turn-key Feed Mill Project

**AGI, Canada**
Grain Handling and Storage Silo

**ASTINO, Malaysia**
Environment Controlled House & Equipment

**SASSO, France**
The World's Largest Choice of Coloured Breeders

**Meyn, Netherland**
Poultry Processing Solution

**V-Cons Group, Belgium**
Cattle & Sheep Slaughterlines and Cutting Plants

**Ishii Poultry, Japan**
Single-stage, Multi-stage Incubators & Hatchery Automation

## Our valued Customers :

- Abir Poultry & Hatchery Ltd.
- Afil Agro Ltd.
- AG Agro Industries Ltd.
- Bangla Feed Mill Ltd.
- CSD, Bangladesh Army
- EON Group
- Golden Poultry & Fish Feeds Ltd.
- Gram Bangla Poultry & Fish Feed Ltd.
- Index Agro Industries Ltd.
- Kazi Farms Group
- Kulsum Feed
- Nahar Agro Group
- National Group
- Nourish Poultry & Hatchery Ltd.
- Paragon Agro Ltd.
- Perfect Agro Complex Ltd.
- Prime Agro Industries Ltd.
- Provita Feed Ltd.
- RRP Feed Mill
- Satkhira Feed Industries Ltd.
- Shah Amla Feed Mill
- Sughandha Feedmill Ltd.,etc.







অফিসঃ বাসা-৮, সড়ক-১৪, ধানমন্ডি, ঢাকা-১২০৯
ফোনঃ + ৮৮০ ২ ৯১২ ১২০৫-০৬, ৯১২ ১৪৫৬, ০১৭১১ ২৬২৩৯৪
Customer Care: 017 CKNFEEDS 25633337